

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 09-03-2025

Time: 7-50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) দেশে মোট কত ভুয়ো ভোটার কার্ড আছে, সেই তথ্য চেয়ে তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারা একটি প্রক্রিয়া হচ্ছে।
- ২) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু হচ্ছে।
- ৩) যাদবপুর কান্ডের প্রতিবাদে বিজেপি আজ দক্ষিণ কলকাতায় মিছিল বের করে। যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামীকাল অধ্যাপক ও ছাত্রছাত্রীদের বৈঠক দেকেছে বলে জানা গেছে।
- ৪) বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা উচ্চ ফলনশীল মুসুর ডালের এক নতুন প্রজাতির উদ্ভাবন করেছেন।
উদ্ভাবনে ১৫-টি নতুন প্রজাতির ধান পরীক্ষামূলকভাবে তৈরি হচ্ছে।
- ৫) আই সি সি চ্যাম্পিয়ন্স ট্রফি ক্রিকেটের ফাইনালে জয়ের জন্য ২৫২ রানের লক্ষ্য নিয়ে ভারত এখন নিউজিল্যান্ডের বিরুদ্ধে ব্যাট করছে।

০০০০০০০০০০০০০০০০০০০

দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের বাসিন্দাদের মধ্যে কর্তৃতৈরি কাছে ভুয়ো ভোটার কার্ড আছে সেই তথ্য চেয়ে তৃণমূল কংগ্রেস এবার দিল্লিতে নির্বাচন কমিশনের

দ্বারঙ্গ হচ্ছে। আগামী মঙ্গলবার তৃণমূল কংগ্রেসের ১০ সদস্যের একটি প্রতিনিধি দল দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সঙ্গে দেখা করে এপিক কার্ড ইস্যুতে তাঁর হাতে স্মারকলিপিও তুলে দেবে। এই প্রতিনিধি দলে থাকবেন তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও ব্রায়ান, ডেপুটি লিডার সাগরিকা ঘোষ, লোকসভায় দলের মুখ্য সচেতক কল্যাণ বন্দ্যোপাধ্যায়, বর্ষীয়ান সাংসদ কাকলি ঘোষ দস্তিদার, কীর্তি আজাদ সহ অন্যান্যরা।

০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আগামীকাল শুরু হচ্ছে। দিন দশেকের এই অধিবেশনে মূলত রাজ্যের বিভিন্ন দফতরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আপাতত দোলের আগে ১৩ই মার্চ পর্যন্ত বিধানসভার কর্মসূচি চূড়ান্ত হয়েছে এবং রমজান মাসের কারণে অধিবেশন দ্রুত শেষ করার চেষ্টা চলবে। আগামীকাল সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শুদ্ধা জানিয়ে অধিবেশনের সূচনা হবে।

দ্বিতীয়ার্ধে চলতি অর্থ বছরের ব্যয় মঞ্চুরি প্রস্তাব নিয়ে আলোচনা হওয়ার কথা।

মঙ্গলবার শ্রম, বুধবার বিদ্যুৎ এবং বৃহস্পতিবার পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের বাজেট প্রস্তাবের ওপর বিধানসভায় আলোচনা হবে।

তবে স্বরাষ্ট্র দফতরের বাজেট নিয়ে আলোচনার বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০

শিক্ষাআয়তনে নৈরাজ্য এবং যাদবপুর বিশ্ববিদ্যালয় চতুরে বিশ্বজ্ঞানার প্রতিবাদে বিজেপি আজ দক্ষিণ কলকাতায় ধিক্কার মিছিল বের করে। মিছিলে অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বামফ্রন্ট ও তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে সোচ্চার হয়ে বলেন,

বিজেপি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনা কখনোই বরদাস্ত করবে না। ১৬ তারিখে যাদবপুরে বিজেপি-র পক্ষ থেকে নাগরিক কনভেনশন করা হবে বলেও তিনি জানান।

যুব মোচার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খানও মিছিলে যোগ দেন। নবীনা সিনেমা হলের সামনে থেকে যাদবপুর থানা পর্যন্ত মিছিল যায়। পুলিশ অনুমতি না দেওয়ায় বিশ্ববিদ্যালয়ের সামনে মিছিল যায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামীকাল অধ্যাপক ও আন্দোলনরত পড়ুয়াদের সঙ্গে বৈঠকে বসছে। এই বৈঠকে প্রত্যেকটি ছাত্র সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন বলে জানা গেছে। বৈঠকে বিশ্ববিদ্যালয়ে চলতি অচলাবস্থার অবসানকল্পে আলোচনা এবং তাঁর সমাধানের উপায় খুঁজে বের করা হতে পারে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনের জন্য ছাত্রদের সংগত দাবিটি কর্তৃপক্ষের বিবেচনা করা উচিত বলে অধ্যাপকদের সংগঠন জুটার সাধারণ সম্পাদক পার্থ প্রতিম রায় জানিয়েছেন। গত পয়লা মার্চের ঘটনা এবং বিশ্ববিদ্যালয়ের ভেতরে আগুন লাগানোর বিষয়ে অবিলম্বে তদন্ত করা উচিত বলে অধ্যাপক রায় মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর কাণ্ডের প্রতিবাদে এবং অভয়ার জন্য ন্যায় বিচার সহ একাধিক দাবিতে নাগরিক মধ্যের প্রতিনিধিরা আজ পথে নামেন। দক্ষিণ কলকাতার হাজরা এবং ধর্মতলা থেকে দুটি মিছিল শুরু হয়ে রবীন্দ্র সদন পর্যন্ত যায়। আর জি কর হাসপাতালে কর্তব্যরত তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার ৭ মাস পূর্ণ হলেও এখনও বিচার না মেলার প্রতিবাদে মিছিলে পা মেলান অভয়া মধ্যে, জয়েন্ট প্লাটফর্ম অফ ডেন্টালস ও ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডেন্টালস-এর প্রতিনিধি সহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ। পাশাপাশি যাদবপুর

বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে আন্দোলনরত পতুয়াদের ওপর আক্রমণ ও শিক্ষামন্ত্রীর গাড়ির ধাক্কায় এক ছাত্রের আহত হওয়ার অভিযোগেও সরব হন তাঁরা।

মিছিলে অংশ নিয়ে সিপিআইএমের রাজ্য সাধারণ সম্পাদক মহম্মদ সেলিম বলেন, রাজ্যে তৃণমূল কংগ্রেসের তৈরি ভয় ও সন্ত্বাসের বাতাবরণ ধীরে ধীরে ভাঙছে।

০০০০০০০০০০০০০০০০

বেলঘরিয়ার উত্তর বাসুদেবপুরে গুলিবিদ্ধ গুরুতর আহত বিকাশ সিংকে আর জি কর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুলিবিদ্ধ অন্যজন সন্ত দাস সাগর দত্ত হাসপাতালে চিকিৎসাধীন। আগেই জানানো হয়েছে বিকাশ সিং ও তার সঙ্গী সন্ত দাশ গতরাতে একটি চা-এর দোকানে দাঁড়িয়ে থাকার সময় দুজন বাইকে করে এসে গুলি চালায়। দুকৃতীদের সঙ্গে বিকাশের আগে থেকেই বিবাদ চলছিল বলে পুলিশের প্রাথমিক অনুমান। পুলিশ দুকৃতীদের খোঁজে তল্লাশী চালাচ্ছে।

এদিকে, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, গোটা রাজ্যে এখন সিডিকেট চলছে।

(বাইট)

অন্যদিকে, বেলঘরিয়ায় শুট আউট কান্ডে মুখ্যমন্ত্রীর সমালোচনা করে কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেন, এই শুট আউট সারা বাংলায় হচ্ছে।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ কলকাতার বিজয়গড়ে এক ক্যাব চালকের বেধড়ক মারে মৃত্যুর প্রতিবাদে এবং দোষীদের শাস্তির দাবিতে কংগ্রেস কর্মী সমর্থকরা যাদবপুর থানার সামনে আজ বিক্ষোভ দেখায়। কংগ্রেস নেতা প্রদীপ প্রসাদ পুলিশের উদাসীনতা ও গাফিলতির অভিযোগ করে বলেন, দল ওই নিহত ক্যাব চালকের পরিবারের পাশে আছে।

০০০০০০০০০০০০০০০০

নদীয়ার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা মুসুর ডালের উচ্চফলন ও তাপ সহনশীল এক নতুন প্রজাতি উত্থাপন করেছেন। বিধান মুসুর-১৬ নামে এই প্রজাতির ডাল কম শীতেও ভালন ফল হবে বলে কৃষি বিজ্ঞানী ডক্টর সোমনাথ ভট্টাচার্য জানিয়েছেন। কৃষকরা এই ডাল চাষ করে উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গে পরীক্ষামূলকভাবে তৈরি হচ্ছে প্রায় ১৫টি নতুন প্রজাতির ধান। এক্ষেত্রে সাফল্য এলে তা উত্তরবঙ্গের জলবায়ুর নিরিখে ধান চাষে গেম চেঞ্চারের ভূমিকা পালন করবে বলে কৃষি বিজ্ঞানীদের আশা। পাশাপাশি এর ফলে দেশের কৃষি অর্থনীতি ক্ষেত্রে নতুন দিশা তৈরি হবে।

জলপাইগুড়ি জেলার লাটাগুড়ি-গরুমারা পর্যটনকেন্দ্রের কাছে ক্রান্তি ব্লকের দক্ষিণ চ্যাংমারিতে পরীক্ষামূলকভাবে চাষ করা হচ্ছে এই ধান। ধূপগুড়ি ব্লকেও এই ধানের চারা অল্প পরিমাণে রোপণ করা হয়েছে। কৃষি দফতর জানিয়েছে, এই নতুন ধানগুলির চাষ পরীক্ষামূলকভাবে শুরু হলেও এখনও নামকরণ হয়নি। আপাতত অল্প কিছু জমিতে চাষ করা হলেও ধাপে ধাপে পরিমাণ আরও বাঢ়ানো হবে। চুঁচুড়া ধান গবেষণাকেন্দ্রের পাশাপাশি আন্তর্জাতিক ধান গবেষণাকেন্দ্রেও এই প্রকল্পটিকে যৌথভাবে পেশ করা হয়েছে। হাইব্রিড প্রজাতির যে ধানের চাষ ক্রান্তিতে হচ্ছে সেগুলি বুনেট পদ্ধতির। এর অর্থ বীজতলা তৈরি না করে সরাসরি ধানের বীজ জমিতে ছিটিয়ে ধান চাষ। ফলে সময় ও অর্থ দুইয়েই সাধারণ হচ্ছে। বর্তমানে এই পদ্ধতি গোটা বিশ্বেই জনপ্রিয় হয়ে উঠেছে।

০০০০০০০০০০০০০

জাতীয় মহিলা কমিশন মূর্শিদাবাদ জেলায় বালুরঘাট এক্সপ্রেসের এক মহিলা যাত্রীকে হেনস্থার ঘটনায় বিস্তারিত রিপোর্ট চেয়েছে। প্রাথমিকভাবে কমিশন মনে করছে, ভারতীয়

ন্যায় সংহিতার বিভিন্ন ধারায় নারী নির্যাতনের মতো অপরাধ সংঘটিত হয়েছে। সমাজ মাধ্যমের এক বার্তায় জাতীয় মহিলা কমিশন বলেছে, একাধিক ধারায় এফ আই আর করা উচিত।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার কলেজ ছাত্রী ওই মেরেটির সঙ্গে ফোনে কথা বলে পুলিশ সুরক্ষা চাইতে জেলা পুলিশ সুপারকে চিঠি লিখতে বলেছেন।

০০০০০০০০০০০০০০০০

নদীয়ার ভীমপুড়ে এক ছাত্রীকে অপহরণ ও ধর্ষণের অভিযোগে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। অভিযুক্ত বৃন্দা বিশ্বাস ঐ ছাত্রীর গৃহশিক্ষক ছিলেন। পরিবারের অভিযোগের ভিত্তিতে পুলিশ তাকে গ্রেফতার করেছে।

০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের নিউটাউনশিপ থানার ভাস্বে কলোনী এলাকায় বর ও কোনে পক্ষের মধ্যে গন্ডগোলের ঘটনায় এক যুবককে গুলি করে খুন করার অভিযোগ উঠেছে। আর্টিস্ট বেদ নামে বছর ১৯-এর নিহত যুবকের বাড়ি পান্ডবেশ্বর থানা এলাকায়। পুলিশ জানিয়েছে এই ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে। আমাদের জেলা সংবাদদাতা এই খবর দিয়ে জানাচ্ছেন, পছন্দের গান বাজানো নিয়ে দু-পক্ষের মধ্যে তুমুল বচসা ও পরে মারামারি শুরু হয়ে যায়। সেই সময়েই আর্টিস্ট নামে ওই যুবককে গুলি করা হয় বলে অভিযোগ। নতুন জামাইকে ঘরবন্দি করে বেধড়ক মারধোর করার অভিযোগও পাওয়া গেছে।

০০০০০০০০০০০০০০০

মূর্শিদাবাদ মেডিকেল কলেজে আজ সকাল থেকে নিখোঁজ এক রোগীর ঝুলন্ত মৃতদেহ শৌচালয় থেকে উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। কান্দির রামেশ্বরপুর গ্রামের সাফাতুল্লা শেখ নামে বছর ৫৫-র ওই ব্যক্তি দু-দিন আগে বিষ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন। আজকের ঘটনাটি খুন না আত্মহত্যা পুলিশ তা খতিয়ে দেখছে।

০০০০০০০০০০০০০

পুরুলিয়ার পাঁচটি থানার পুলিশ গতকাল অভিযান চালিয়ে বে-আইনী মদ বিক্রির অভিযোগে পাঁচজনকে গ্রেফতার করেছে। বাজেয়ান্ত করা হয়েছে ৬৯ বোতল দেশী মদ।

০০০০০০০০০০০০০০০০

সিআইএসএফ-এর ৫৬-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে সমুদ্রতটকে রক্ষা করার বার্তা দিতে শুরু হওয়া সাইক্লোথন আজ দিঘা থেকে ওড়িশার চাঁদিপুরের উদ্দেশে রওনা দিয়েছে। দক্ষিণ ২৪ পরগণার বকখালি থেকে গত ৭ই মার্চ এই সাইক্লোথন শুরু হয়ে গতকাল দ্বিতীয় দিনে তা পূর্ব মেদিনীপুরের হলদিয়া থেকে দীঘার উদ্দেশে রওনা দেয়। যাত্রার সূচনা করেন সিআইএসএফ-এর ডিআইজি কে প্রতাপ সিং ও উপকূল রক্ষী বাহিনীর ডিআইজি আনোয়ার খান। ওড়িশা, অন্ধ্রপ্রদেশ এবং তামিলনাড়ুর মধ্য দিয়ে প্রায় ২৮০০ কিলোমিটার পথ অতিক্রম করবে এই সাইক্লোথন। পয়লা এপ্রিল তা শেষ হবে।

০০০০০০০০০০০০০০০০

আই সি সি চ্যাম্পিয়ান্স ট্রফি ক্রিকেটের ফাইনালে টসে জিতে নিউজিল্যান্ড আজ প্রথমে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেটে ২৫১ রান করে। ২৫২ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে ভারত শেষ খবর পাওয়া পর্যন্ত ১৯ ওভারে ১ উইকেটে ১০৬ রান করেছে।

০০০০০০০০০০০০০

হাওড়ার ডুমুরজলা অ্যাস্ট্রো টার্ফ মাঠে আজ কলকাতা প্রিমিয়ার হকি লিগে মোহনবাগান ও ইস্টবেঙ্গলের মধ্যে খেলাটি ২-২ গোলে শেষ হয়েছে। মোহনবাগানের অর্জুন শর্মা ও নীতিশ নিউ পানে এবং ইস্টবেঙ্গলের জাইদ খান ও রাজভীর সিং গোল করেছেন।

ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আজ ইণ্ডিয়ান ওমেন লীগে ইস্টবেঙ্গল ৩-০ গোলে ওড়িশা এফ সি, কে হারিয়ে দিয়েছে। এলসাদাই হ্যাট্ট্রিক করেছেন।

মহামেডান স্পোর্টস, আগামীকাল আইএসএলে শেষ ম্যাচটি খেলবে। প্রতিপক্ষ পাঞ্জাব এফ সি। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০